

রেজিস্টার্ড ডাকযোগে

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং- ১৭.০০.০০০০.০১৫.১১.০৩৩.১২-৩৭৪

তারিখঃ ২৭ জুন ২০১৮

বিষয়ঃ প্রশাসনিক কর্মকর্তা পদে নিয়োগপত্র

প্রাপকঃ

মোঃ রফিকুল ইসলাম

পিতাঃ মোঃ মমিন উদ্দিন

স্থায়ী ও বর্তমান ঠিকানাঃ

গ্রাম-ইসলামপুর, ডাকঘর-চরভূজামারী

উপজেলা-ভূজামারী, জেলা-কুড়িগ্রাম।

মহোদয়,

নির্বাচন কমিশন সচিবালয়ের প্রশাসনিক কর্মকর্তা পদে নিয়োগের জন্য বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ৩০ আগস্ট ২০১৭ তারিখের ৮০.০০.০০০০.০১১.০১১.১২.২০১৬-১৫৪ নম্বর পত্রের সুপারিশক্রমে আপনাকে জানানো যাইতেছে যে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে প্রশাসনিক কর্মকর্তা পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী ১৬০০০-১৬৮০০-১৭৬৪০-১৮৫৩০-১৯৪৬০-২০৪৪০-২১৪৭০-২২৫৫০-২৩৬৮০-২৪৮৭০-২৬১২০-২৭৪৩০-২৮৮১০-৩০২৬০-৩১৭৮০-৩৩৩৭০-৩৫০৪০-৩৬৮০০-৩৮৬৪০ টাকার বেতন স্কেলে এবং বিধি মোতাবেক অন্যান্য আর্থিক সুবিধাসহ নিয়োগ প্রদান করা হইলঃ

- (ক) প্রশাসনিক কর্মকর্তা পদে যোগদানের তারিখ হইতে ০২ (দুই) বৎসর শিক্ষানবিস হিসাবে থাকিতে হইবে। শিক্ষানবিসকালের এই মেয়াদ প্রয়োজবোধে বর্ধিত করা হইবে। শিক্ষানবিসকালে যদি আপনি চাকরিতে বহাল থাকিবার অনুপযোগী বলিয়া বিবেচিত হন, তবে কোন কারণ ছাড়াই এবং পাবলিক সার্ভিস কমিশনের পরামর্শ ব্যতিরেকে চাকরি হইতে অপসারণ করা যাইবে। এই সময়ের মধ্যে চাকরিতে ইস্তফা দিতে চাহিলে ১৪ (চৌদ্দ) দিনের অগ্রিম নোটিশ অথবা ১৪ (চৌদ্দ) দিনের বেতনের সমপরিমাণ অর্থ সরকারি খাতে জমা প্রদান করিয়া চাকুরী হইতে ইস্তফা দিতে পারিবেন।
- (খ) শিক্ষানবিসকাল সন্তোষজনক বিবেচিত হইলে এবং প্রশাসনিক কর্মকর্তা পদের কর্মদক্ষতা সন্তোষজনক বিবেচিত হইলে চাকরিতে স্থায়ী করা হইবে।
- (গ) আপনার জ্যেষ্ঠতা সরকারি বিধি মোতাবেক নির্ধারিত হইবে।
- (ঘ) আপনি যদি বাংলাদেশের নাগরিক নহে এমন কোন ব্যক্তিকে বিবাহ করিয়া থাকেন অথবা বিবাহ করিবার অঙ্গীকারাবদ্ধ হন তাহা হইলে এই নিয়োগ বাতিল বলিয়া গণ্য হইবে।
- (ঙ) আপনাকে দুইজন প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নিকট হইতে চরিত্রগত সনদপত্র এবং ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশনের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনারের নিকট হইতে জাতীয়তা সনদপত্র দাখিল করিতে হইবে।
- (চ) নিয়োগকারী কর্তৃপক্ষের কাহারও বা আপনার দ্বারা ইচ্ছাকৃত বা অনিচ্ছাকৃত নিয়োগ সংক্রান্ত কোন ত্রুটি বা বিচ্যুতি ধরা পড়িলে এই নিয়োগ বাতিল করা হইবে।



২৭-০৬-১৮

(অঃপূঃদ্রঃ)

- (ছ) এই নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয় নাই, এইরূপ ক্ষেত্রে চাকরি সরকারের প্রচলিত বিধি-আদেশ এবং নির্বাচন কমিশন সচিবালয়/সরকার/কর্তৃপক্ষ কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও বিধান দ্বারা নিয়ন্ত্রিত হইবে।
- (জ) এই চাকরিতে যোগদানের জন্য কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাইবেন না।

২। উপরে বর্ণিত শর্তাদি যদি আপনার নিকট গ্রহণযোগ্য হয় তবে আপনি আগামী ১৫ জুলাই ২০১৮ ইং তারিখে নির্বাচন কমিশন সচিবালয়ে যোগদানপত্র দাখিল করিবেন। উক্ত তারিখে যোগদান না করিলে চাকরিতে যোগদান করিতে সম্মত নহেন বলিয়া ধরিয়া নেওয়া হইবে এবং এই নিয়োগপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

আপনার বিশ্বস্ত



(মোহাম্মদ শহীদুর রহমান)

সহকারী সচিব (জনবল ব্যবস্থাপনা-১)

ফোনঃ ৫৫০০৭৫৩৭

মোবাইলঃ ০১৫৫০০৪২০৩২